গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
রাজস্ব (এসএ) শাখা
www.netrokona.gov.bd

স্মারক নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২১- ২৯৭৭

তারিখ : ০২ ডিসেম্বর ২০২১।

**বালুমহাল ইজারা প্রদানের পুন: দরপত্র বিজ্ঞপ্তি**

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর আলোকে এতদ্বারা জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা-এর তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার নিম্নবর্ণিত বালুমহালটি ১৪২৮ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে টেন্ডারের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। তালিকাভুক্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইজারা বিজ্ঞপ্তি এবং শর্তাবলী জেলা প্রশাসনের (www.netrokona.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

**নিম্নবর্ণিত তারিখ ও সময়ে দরপত্র কার্যক্রম গ্রহণ করা হবে**

| পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১৯ ডিসেম্বর ২০২১<br>০৪ পৌষ ১৪২৮<br>বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ২০ ডিসেম্বর ২০২১<br>০৫ পৌষ ১৪২৮<br>সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২০ ডিসেম্বর ২০২১<br>০৫ পৌষ ১৪২৮<br>বিকেল ৪.০০ ঘটিকা |
| ২য় | ২২ ডিসেম্বর ২০২১<br>০৭ পৌষ ১৪২৮<br>বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ২৩ ডিসেম্বর ২০২১<br>০৮ পৌষ ১৪২৮<br>সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৩ ডিসেম্বর ২০২১<br>০৮ পৌষ ১৪২৮<br>বিকেল ৪.০০ ঘটিকা |
| ৩য় | ৩০ ডিসেম্বর ২০২১<br>১৫ পৌষ ১৪২৮<br>বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ০২ জানুয়ারি ২০২২<br>১৮ পৌষ ১৪২৮<br>সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০২ জানুয়ারি ২০২২<br>১৮ পৌষ ১৪২৮<br>বিকেল ৪.০০ ঘটিকা |

**ইজারাযোগ্য বালুমহালের নাম ও তথ্যাদি**

| ক্রম | উপজেলা | বালুমহালের নাম | আয়তন (একরে) | কাঙ্ক্ষিত ইজারা মূল্য (টাকা) | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | দুর্গাপুর | বিজয়পুর ও ভবানীপুর হতে দুর্গাপুর তেরীবাজার ঘাট ও শিবগঞ্জ বাজার ঘাট পর্যন্ত বালুমহাল (আয়তন-৮৩৫.৯৬ একর; তফসিলে বর্ণিত খতিয়ান, দাগ, পরিমাণ ও নকশা অনুযায়ী বিজয়পুর ও ভবানীপুর হতে শ্মশান ঘাট পর্যন্ত সীমানা, বালুমহালের তফসিল রাজস্ব শাখা হতে সংগ্রহ করা যাবে) | ৮৩৫.৯৬ | ২৭,৫১,০০,০০০.০০ | ৪,০০০.০০ | বালুমহালের বিষয়ে কোনো মামলায় কোনো নিষেধাজ্ঞার আদেশ থাকলে কিংবা ইজারা বিষয়ে মহামান্য আদালতের ভিন্ন কোনো সিদ্ধান্ত থাকলে আদালতের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করতে হবে। |

**শর্তাবলী**

১. তালিকাভুক্ত ঠিকাদার ব্যতীত কেহ বালুমহাল দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না। দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখে অফিস চলাকালীন বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ-এর কার্যালয়, জেলা প্রশাসক, নেত্রকোণা-এর কার্যালয়ের এসএ শাখা এবং উপজেলা নির্বাহী অফিসার-এর কার্যালয়, দুর্গাপুর হতে দরপত্র সংগ্রহ করা যাবে।

২. বালুমহাল যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থাতেই দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। দরপত্র দাখিলের পূর্বেই বালুমহালের অবস্থান, তফসিল ও পরিমাণ সম্পর্কে সরজমিন দেখে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে প্রয়োজনে এসএ শাখার সহযোগিতা নেয়া যাবে। ইজারা গ্রহণের জন্য বালুমহালের আয়তন/বালু উত্তোলন/বিপনন এবং পরিবহণের ক্ষেত্রে কোনো ওজর/আপত্তি গ্রহণ করা হবে না। বালু উত্তোলন/বিপনন এবং পরিবহণের ক্ষেত্রে সমস্যা পরিলক্ষিত হলে ইজারাদার নিজ দায়িত্বে সমাধান করবেন।

৩. দরপত্র ক্রয়/দাখিলের তারিখে সরকার কর্তৃক ছুটি ঘোষণা করা হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র ক্রয়/দাখিলের তারিখ হিসাবে গণ্য করতে হবে।

৪. ১ম আহ্বানের দরপত্র গৃহীত না হলে পর্যায়ক্রমে ২য় ও ৩য় আহ্বানের কার্যক্রম চলমান থাকবে।

৫. দরপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযোজন করতে হবে।

৬. দরপত্র অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারার সমুদয় অর্থ, উদ্বৃত দরের ১০% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে।

৭. ইজারা গ্রহীতা ইজারা সংক্রান্ত বিষয়ে অথবা ইজারার টাকা জমা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সাথে কোনো প্রকার প্রতারণা করলে অথবা কোনোরূপ শর্ত ভঙ্গ করলে তার দরপত্র বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৮. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে কোনো নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

৯. বালুমহাল ইজারার মেয়াদ বাংলা ১৪২৮ সনের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে।

১০. দরপত্র দাখিলের তারিখে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করা যাবে।

১১. বালুমহাল ইজারার মেয়াদ চলাকালীন আদালতের স্থিতাদেশ/স্থিতাবস্থা নিষেধাজ্ঞা বলবৎ এর কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্ত হলে তার জন্য কোনো ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১২. দরদাতাগণ কর্তৃক জামানত হিসেবে তাদের উদ্ধৃত দরের ২৫% ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৩. নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)-এর অফিস কক্ষে দরপত্র খোলা হবে।

১৪. বালুমহালের ইজারা কার্যক্রম গ্রহণ, চুক্তিপত্র সম্পাদন বা দখল হস্তান্তর বা অন্য কোনো কারণে ১৪২৮ বঙ্গাব্দের যে সময় অতিক্রান্ত হয়েছে, তার জন্য ইজারা মূল্য সমন্বয় বা মেয়াদ বর্ধিত করার জন্য পরবর্তীতে কোনো আবেদন/অভিযোগ করা যাবে না।

১৫. দরপত্রের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালনসহ বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে বালু উত্তোলন করতে হবে। এর কোনো ব্যত্যয় ঘটলে ইজারা বাতিলসহ ইজারাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. দাখিলকৃত সিলমোহরকৃত খামের উপর বালুমহালের নাম ও দরদাতার নামসহ পূর্ণ ঠিকানা উল্লেখ করতে হবে। কোন অস্পষ্ট, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার করা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭. বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর বিধি-বিধান এবং টেন্ডার প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিধি মোতাবেক ইজারা প্রক্রিয়ার সকল কার্যক্রম কার্যকর হবে।

১৮. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন/স্থগিত/গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

2/12/2021

(কাজি মোঃ আবদুর রহমান)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।

স্মারক নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২১- ২৮৭৭ তারিখ : ০২ ডিসেম্বর ২০২১।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. জনাব মানু মজুমদার, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১৫৭ নেত্রকোণা-০১ ও উপদেষ্টা, জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।
২. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
১০. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা।
১১. পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
১২. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
১৩. পুলিশ সুপার, নেত্রকোণা।
১৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নেত্রকোণা।
১৫. মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা।
১৬. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
১৭. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা (তাঁকে বিজ্ঞপ্তিটি প্রকাশ ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
১৮. সহকারী কমিশনার (ভূমি),দুর্গাপুর, নেত্রকোণা (তাঁকে বিজ্ঞপ্তিটি প্রকাশ ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
১৯. সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নেত্রকোণা।
২০. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২১. ..........................................................................................................................।

02/12/2021

রেভিনিউ ডেপুটি কালেক্টর
নেত্রকোণা
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।